রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ৩, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**(উপজেলা-১ শাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ শ্রাবণ ১৪২৫ বঙ্গাব্দ/০৫ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

**নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০২১.২০১৮-১০৮৯**—যেহেতু, জনাব মোঃ হাসনাৎ জামান চৌধুরী (জর্জ), চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ, পঞ্চগড় এর বিরুদ্ধে উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দেবীগঞ্জ, পঞ্চগড় কর্তৃক "আয় বর্ধক" দুটি ট্রেডের প্রশিক্ষণে প্রশিক্ষাণার্থী বাছাই প্রক্রিয়ায় বাধাদান, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ঐতিহাসিক ৭ই মার্চ এর ভাষণ ইউনেস্কো কর্তৃক স্বীকৃতি পাওয়ায় আনন্দ শোভাযাত্রা উদ্‌যাপন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভার বিঘ্ন ঘটানো; উপজেলা নির্বাহী অফিসার, দেবীগঞ্জ এর উপর ক্ষিপ্ত হয়ে উপজেলা নির্বাহী অফিসারকে তার কার্যালয়ে ২(দুই) ঘন্টা অবরুদ্ধ করে রাখা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সামনে অবস্থান নিয়ে তার মদদপুষ্ট ব্যক্তিবর্গের দ্বারা উপজেলা নির্বাহী অফিসারের পরিবারবর্গকে ৮(আট) ঘন্টা অবরুদ্ধ করে রাখার অভিযোগে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩ অনুসারে অপসারণের কার্যক্রম আরম্ভ করা হয়েছে;

যেহেতু, জনাব মোঃ হাসনাৎ জামান চৌধুরী (জর্জ), চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দেবীগঞ্জ, পঞ্চগড় এর বিরুদ্ধে আনীত অভিযোগে উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩ অনুসারে অপসারণের কার্যক্রম আরম্ভ করায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

যেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে পঞ্চগড় জেলার দেবীগঞ্জ উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ হাসনাৎ জামান চৌধুরী (জর্জ)-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

**আনজুমান আরা**
উপসচিব।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য : টাকা ৪.০০**